

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
অধিশাখা : ২২ (উন্নয়ন-৩)

সংখ্যা-শিম/শাঃ২২/৩-১/২০১১(অংশ)।

তারিখ: ২৬ আষাঢ় ১৪২১ বঙ্গাব্দ  
১০ জুলাই ২০১৪ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ০৫ ডিসেম্বর ২০১৩ তারিখের ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৭৩৩/২০১৩/২০০ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে, পুলিশ কর্তৃক প্রাক চাকুরি বৃত্তান্ত যাচাই প্রতিবেদন ও স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য না থাকার জাতীয় বেতন স্কেল ২০০৯ এর দশম (১০) গ্রেডে ৬৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/- বেতনক্রমে এবং প্রচলিত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে নিম্নোক্ত প্রার্থীদের শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের 'উপ-সহকারী প্রকৌশলী'র (সিভিল) স্থায়ী শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত উপজেলায়/জেলায় পদায়ন করা হলো :

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতার ও মাতার নাম এবং স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
০১।	জনাব মাহমুদুর রহমান পিতা : হাবিবুর রহমান মাতা : মাকসুদা রহমান গ্রাম : জাজিরা ডাকঘর : ডিক্রি-চরহাট উপজেলা : কালকিনি জেলা : মাদারীপুর	উপজেলা : বেতাগী জেলা : বরগুনা
০২।	জনাব মোঃ শাহউদ্দৌলা পিতা : মোঃ সাইফুল ইসলাম মন্ডল মাতা : মিসেস পিয়ারা ইসলাম গ্রাম : জয়শিখ ডাকঘর : নিমগাছী উপজেলা : ধুনট জেলা : বগুড়া	উপজেলা : গাংনী জেলা : মেহেরপুর
০৩।	জনাব মনিরুজ্জামান পিতা : আব্দুর রশিদ মাতা : মনোয়ারা বেগম গ্রাম : কড়ইতলা ডাকঘর : বাগড়ার চর বাজার উপজেলা : ইসলামপুর জেলা : জামালপুর	উপজেলা : আটপাড়া জেলা : নেত্রকোণা

## ২। শর্তাবলী :

- নিজে বা পরিবারের অন্য সদস্যের জন্য তারা কোন যৌতুক দিবেন না এবং যৌতুক নিবেন না মর্মে যোগদান পত্রের সাথে ঘোষণা দিতে হবে;
- তারা বিদেশী কোন নাগরিককে বিয়ে করে থাকলে অথবা বিয়ে করার জন্য অঙ্গীকারাবদ্ধ হলে থাকলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- তারা/তিনি কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি (Release) গ্রহণ করতে হবে;
- তার/তাদের যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিস হিসাবে গণ্য করা হবে। শিক্ষানবিস কাল কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হলে তাকে/তাদেরকে চাকরিতে স্থায়ী করা হবে এবং শিক্ষানবিস কালে তার/তাদের কাজকর্ম ও আচরণ সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরিচ্যুত (Terminate) করা হবে;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার/তাদের চাকুরি সরকারের প্রচলিত বিধি বিধান এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে; এবং
- এ চাকুরিতে যোগদানের জন্য/কোন ভ্রমণ/দৈনিক ভাতা দেয়া হবে না।